

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

আবশ্যিক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদটি পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে :

কর্মকর্তা পদ

১। ছাত্রকল্যাণ পরিদপ্তর

চীফ মেডিক্যাল অফিসার (মেডিক্যাল সেন্টার)-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল : ৮ঃ ৫৬৫০০-৭৪৪০০/-।

উল্লিখিত পদে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ২২/১২/২০১৯ ইং

চীফ মেডিক্যাল অফিসার পদের নির্ধারিত যোগ্যতা :- (ক) প্রার্থীকে এফসিপিএস বা তাহার সমমানের ডিগ্রিসহ পেশায় নিয়োজিত কমপক্ষে ৬ (ছয়) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। এর মধ্যে ডেপুটি চীফ মেডিক্যাল অফিসার/প্রিন্সিপাল মেডিক্যাল অফিসার/ সরকারের বেতন কমিশনের আওতাধীন ৫ম গ্রেডের মূল পদের সমমান পদমর্যাদা হিসাবে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা অবশ্যই থাকিতে হইবে। কম্পিউটার ও সফটওয়্যার ব্যবহারের অভিজ্ঞতা এবং আধুনিক ডায়াগনস্টিকস যন্ত্রপাতিসমূহ সম্বন্ধে সম্যক জ্ঞান সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

অথবা

(ক) প্রার্থীকে এমবিবিএস ডিগ্রিসহ কমপক্ষে ১৫ বৎসরের পেশাদার অভিজ্ঞতা থাকিতে হইবে যাহার মধ্যে ৫ (পাঁচ) বৎসরের ডেপুটি চীফ মেডিক্যাল অফিসার/ প্রিন্সিপাল মেডিক্যাল অফিসার/সরকারের বেতন কমিশনের আওতাধীন ৫ম গ্রেডের মূল পদের সমমান পদমর্যাদা হিসাবে অভিজ্ঞতা থাকিতে হইবে। কম্পিউটার ও সফটওয়্যার ব্যবহারের অভিজ্ঞতা এবং আধুনিক ডায়াগনস্টিকস যন্ত্রপাতিসমূহ সম্বন্ধে সম্যক জ্ঞান সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

(খ) কোন স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য নহে।

বিঃ দ্রঃ- অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন ১(এক) টি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণি) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যাহারা এই বিশ্ববিদ্যালয়ে নিয়োগপ্রাপ্ত হইয়াছেন অথবা ডিগ্রি অর্জন করিয়াছেন তাহাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হইবে না।

উল্লিখিত পদের জন্য প্রযোজ্যঃ- এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত (REG-2) ফরমে (সকল অতীত ও বর্তমান চাকুরীর পদমর্যাদা, বেতন স্কেল ও তারিখ উল্লেখ পূর্বক) রেজিস্ট্রার-এর বরাবরে আবেদনপত্র ১০ সেট জমা দিতে হইবে। তন্মধ্যে ১ সেটের সাথে ৩ কপি সত্যায়িত ছবি এবং কম্পিউটার BUET-এর অনুকূলে প্রদেয় ৮ঃ ১,০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা কম্পিউটার অফিস কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক বুয়েট শাখায় নগদ টাকা জমা প্রদান পূর্বক, টাকার রশিদ সংযুক্ত করতঃ প্রত্যেক সেটের সাথে আবেদনপত্র/ Forwarding Letter-সহ সকল সার্টিফিকেট, টেস্টমোনিয়াল, ট্রান্সক্রিপ্ট/ মার্কশীট এবং অভিজ্ঞতার সার্টিফিকেট-এর সত্যায়িত কপি (সকল কাগজপত্র বাঁধাইকৃত সেট) সংযুক্ত করিতে হইবে। অসম্পূর্ণ, ভুল তথ্যসম্বলিত এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। প্রার্থীর শিক্ষাজীবনের কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য নহে।

বেসরকারি বিশ্ববিদ্যালয়/বিদেশী ডিগ্রিদারী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/অফিস কর্তৃক যথানিয়মে ইকুয়িভ্যালেন্স সম্পাদন সাপেক্ষে আবেদন পত্র প্রসেস করা হইবে। আবেদনের জন্য নির্ধারিত ফরম (REG-2) এই বিশ্ববিদ্যালয়ের Web Site (regoffice.buet.ac.bd)-এর download page এবং কর্মকর্তা পদের Q.T. Vacancy-এর Job circular page হইতে সংগ্রহ করা যাইবে। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা দেওয়া হইবে না। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/ বাতিল/ পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

স্বাক্ষরিত/-

(অধ্যাপক ডঃ এস.এম. মাহবুবুর রহমান)

রেজিস্ট্রার (অঃ দাঃ)

নং সংস্থা/ব-৫৯/৯৩৮৯৫/রে-৩০৯৫(৬০)

তারিখঃ ০২/১২/২০১৯

বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) :-

১। ডীন, সকল অনুষদ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।

২। সকল বিভাগীয় প্রধান/ পরিচালক/ অফিস প্রধান/ হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।

৩। পরিচালক, আই.আই.সি.টি, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।- (বিজ্ঞপ্তিটি Web Site-এ দেওয়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৪। সিস্টেম এনালিস্ট, রেজিস্ট্রার অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।- বিজ্ঞপ্তিটি Web Site-এ দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য।